

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চাটমোহর, পাবনা।

স্মারক নং- ০৫.৪৩.৭৬২২.০০০.১৮.০০৬.১৪- ১২৪৯

তারিখঃ ৩০/১১/২০১৪ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা কর্তৃক ১৪/৮/২০১৪ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০১১.০০. ০০.০০৪.২০১৪-৭৫১নং স্মারকে প্রদত্ত ছাড়পত্র এবং একই মন্ত্রণালয়ের ৩০ নভেম্বর/২০১০ তারিখে জারীকৃত উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ মোতাবেক উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা কার্যালয়ের জন্য রাজস্ব খাতে সৃজিত নিম্ন বর্ণিত ০২(দুই)টি পদ অস্থায়ীভাবে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল ২০০৯ বেতনক্রম	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	অফিস সহায়ক	০২ (দুই) টি	৪১০০-৭৭৪০ (২০ নং বেতন স্কেল)	অষ্টম শ্রেণী পাশ

শর্তাবলী


- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা বরাবরে ৩০০/- (তিনশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে- অর্ডার সংযুক্ত করতে হবে।
- আবেদন পত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্ত:(১) নাম, পিতা/স্বামী ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ ও বয়স (২১/১২/২০১৪ খ্রিঃ তারিখে), জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), বিশেষ কোটার প্রার্থী কোটার নাম উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে আবেদন করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে। (১)পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, (২) সদ্য তোলা সত্যায়িত ০৩(তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি, (৩) চারিত্রিক সনদের মূলকপি, (৪)শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, (৫) জন্ম নিবন্ধন সনদ/ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, (৬) বিশেষ কোটার প্রার্থী হলে প্রয়োজনীয় প্রমাণপত্র/সনদপত্র, (৭) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ০৬/-(ছয়) টাকার টিকেটযুক্ত ৪.৫"×১০" সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- প্রার্থীর বয়স ২১/১২/২০১৪ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
- আবেদনপত্র আগামী ২১/১২/২০১৪ খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা বরাবর সরাসরি বা ডাকযোগে পৌঁছাতে হবে।
- আবেদনের উপর কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য নয়।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্র বাতিল বা গ্রহণ বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সকল কোটা ও বিধি অনুসরণ করা হবে।
- প্রার্থী কোন কোটা সুবিধার আওতায় আবেদন করলে খামের উপর তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে প্রয়োজনে এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ শফিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
চাটমোহর, পাবনা।
ফোনঃ ০৭৩২৪-৫৬১০৮

ই-মেইল: unochatmohar@mopa.gov.bd

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৪। জেলা প্রশাসক, পাবনা।
- ০৫। উপ-সচিব (উপজেলা) স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা।
- ০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পাবনা।
- ০৮। চেয়ারম্যান উপজেলা পরিষদ..... (সকল) পাবনা।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার(সকল) পাবনা।
- ১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটমোহর, পাবনা।
- ১১। মেয়র (সকল) পৌরসভা, পাবনা।
- ১২। উপজেলা কর্মকর্তা (সকল), চাটমোহর, পাবনা।
- ১৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, চাটমোহর, পাবনা।
- ১৪। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর, ঢাকা ও দৈনিক ইছামতি পাবনাকে উপরেবর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী সংখ্যায় প্রকাশ করে ০২ (দুই) কপি পত্রিকা নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনরোধ করা হলো।
- ১৫। নোটিশ বোর্ড।
- ১৬। অফিস কপি।


(মোঃ শফিকুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
চাটমোহর, পাবনা।
ফোনঃ ০৭৩২৪-৫৬১০৮

ই-মেইল: unochatmohar@mopa.gov.bd